



মক্কা-মদিনায় হামলা হলে সেনা পাঠাতে প্রস্তুত বাংলাদেশ: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

ইরান-যুক্তরাষ্ট্র সংঘাতের মধ্যে মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা বজায় রাখতে বাংলাদেশের বাহিনী পাঠানোর প্রস্তুতি রয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেছেন, মক্কা ও মদিনা আক্রান্ত হলে কোনো আপস করা হবে না। সৌদি আরব চাইলে বাংলাদেশ সেনা পাঠাতে প্রস্তুত।

শনিবার (১০ অক্টোবর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে এনএসইউ ও বিজ আয়োজিত ‘শ্রমশক্তি থেকে কৌশলগত অংশীদারিত্ব: বাংলাদেশ-সৌদি আরব সম্পর্কের নতুন দিগন্ত’ শীর্ষক জাতীয় সেমিনারে এসব কথা বলেন তিনি।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ ও সৌদি আরবের সম্পর্ক শুধু শ্রমবাজারে সীমাবদ্ধ না রেখে অর্থনৈতিক ও কৌশলগত অংশীদারত্বে উন্নীত করা প্রয়োজন। জ্বালানি, নবায়নযোগ্য জ্বালানি, নিরাপত্তা ও ওষুধশিল্পসহ বিভিন্ন খাতে সহযোগিতা বাড়ানোর সুযোগ রয়েছে।

তিনি আরও জানান, দক্ষ ও প্রশিক্ষিত জনশক্তি পাঠিয়ে সৌদি আরবের শ্রমবাজারে বাংলাদেশের অবস্থান আরও শক্তিশালী করার লক্ষ্য রয়েছে। এ ছাড়া প্রধানমন্ত্রী তারেক রহমান শিগগিরই সৌদি আরব সফর করবেন বলেও জানান তিনি।